6

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 15 JUN 1995 ...
পৃষ্ঠা ৮ কলাম ৭

18

# সিলেটে বেসরকারী উদ্যোগে মেডিক্যাল কলেজ স্থাপনের সিদ্ধান্ত

**স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ঃ** চিকিৎসা শিক্ষার সুযোগ বৃদ্ধি এবং চিকিৎসা সুবিধা সম্প্রসারণে বেসরকারী উদ্যোগে প্রথম মেডিকাল কলেজ স্থাপনের কাজ শীঘ্রই শুরু হচ্ছে।

বিশিষ্ট শিল্পপতি ও সমাজসেবী রাগীব আলীর উদ্যোগে জালালাবাদ মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠার জন্য শাহজালাল উপশহরে ৪ বিঘা জমির ওপর এই প্রকল্পের বাস্তবায়ন ব্যয় ধরা হয়েছে ২৫ কোটি টাকা। এক বছরের মধ্যে প্রাথমিক কাজ সম্পূর্ণ এবং নির্মাণ কাজ ১৯৯৮ সালে শেষ হবে বলে আশা করা হচ্ছে। কলেজ ও হাসপাতালসহ প্রয়োজনীয় ইমারতের নকশা অনুমোদনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জমা দেয়া হয়েছে। অনুমোদন পেলেই নির্মাণ কাজ শুরু হবে। কলেজ প্রতিষ্ঠার ব্যাপারে স্বাস্থ্য মন্ত্রণালয়ের অনুমোদন চাওয়া হয়েছে।

চলতি বছর ৫০ জন শিক্ষার্থী নিয়ে জালালাবাদ মেডিক্যাল কলেজের কার্যক্রম শুরু করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। পাশাপাশি ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল প্রতিষ্ঠার ব্যবস্থা নেয়া হয়েছে। চলতি বছরের সেপ্টেম্বরে কলেজে ছাত্রছাত্রী ভর্তির মাধ্যমে আগামী শিক্ষাবর্ষ থেকে কলেজ চালু হবে।

জালালাবাদ মেডিক্যাল কলেজ ব্যবস্থাপনা পরিষদের চেয়ারম্যানের দায়িত্ব পালন করছেন সিলেট ওসমানী মেডিক্যাল কলেজ হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ অধ্যাপক ডাঃ মোঃ আব্দুর রহিম। উপদেষ্টা পরিষদে রয়েছেন শাহজালাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ সৈয়দ মহির উদ্দিন আহমদ, মৎস্য ও পশু পালন মন্ত্রণালয়ের সচিব এ এইচ এম মোফাজ্জল করিম, ভারতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত শফি শামী চৌধুরী, প্রখ্যাত চিকিৎসক মেজর জেনারেল (অব) এম আর চৌধুরী, অবঃ ব্রিগেডিয়ার এম. এ. মালিক। সিলেট ওসমানী মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ডাঃ গোলাম কিবরিয়াসহ দেশের খ্যাতনামা চিকিৎসক ও বিশিষ্ট ব্যক্তিবর্গ।

গত ৯ জুন সিলেটের স্থানীয় একটি হোটেলে জালালাবাদ মেডিক্যাল কলেজের পরিচালনা পরিষদের এক সভা অনুষ্ঠিত হয়।

7